গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমবায় কার্যালয়
ব্রাহ্মণবাড়িয়া।

আদেশ নং-৪৭.৬১.১২০০.০০০.৩২.০০৯.১৩. ১১১৭ তারিখ :-৩০-/০৬/২০২৬খ্রি.

সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত আইন/২০০২ ও সংশোধিত আইন/২০১৩) এর ৪৩ ধারা মোতাবেক অর্পিত ক্ষমতাবলে সংযুক্ত তালিকায় বর্ণিত ব্রাহ্মণবাড়িয়া জেলাধীন কসবা উপজেলার অন্তর্ভুক্ত বিভাগীয় কার্যকর ১১টি প্রাথমিক সমবায় সমিতি সমূহের ২০২৫-২০২৬খ্রি.অর্থ বছরের বার্ষিক বিধিবদ্ধ অডিট নিম্নোক্ত শর্তাবলী সাপেক্ষে কর্মকর্তাগণকে সম্পাদনের জন্য বরাদ্দ প্রদান করা হলো।

শর্তাবলী:

০১. সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধিত আইন/২০০২ ও সংশোধিত আইন/২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা/২০০৪ (সংশোধিত বিধিমালা/২০২০) এবং নিবন্ধক মহোদয়ের সার্কুলার এবং অডিট ম্যানুয়াল অনুযায়ী ৩১/০৩/২০২৭খ্রি. তারিখের মধ্যে বার্ষিক হিসাব নিরীক্ষা সম্পাদন করতে হবে। বার্ষিক হিসাব নিরীক্ষা সম্পাদরে তারিখ হতে ১০(দশ) দিনের মধ্যে অডিট রিপোর্ট প্রাপ্তী স্বীকার পত্রসহ সংশ্লিষ্ট সমিতি এবং সংশ্লিষ্ট দপ্তরে দাখিল করতে হবে।

০২. অডিট অফিসারগণ স্থাবর/অস্থাবর সম্পত্তির মালিকানা,রক্ষনাবেক্ষণ ও হস্তান্তর সম্পর্কিত বিষয়,মজুদ মালামাল,নগদ ও ব্যাংক তহবিল যাচাই করবেন এবং অস্বাভাবিক ঘঠনা ও পরিস্থিতি পরিরক্ষিত হলে তাৎক্ষনিকভাবে বিশেষ প্রতিবেদন দাখিল করবেন।

০৩. সমিতির হিসাব,সাধারন সভার কার্য বিবরনী,ভাউচার ও বাজেট পূঙ্খানুপুঙ্খ পরীক্ষার মাধ্যমে হিসাবের কারচুপি,বাজেট বহির্ভুত লেনদেন, জালিয়াতি,মূলধন অবক্ষয়,অর্থ আত্নসাৎ,তহবিল তছরুপ এবং সমিতির সম্পদ/তহবিল কোন সদস্যদের ব্যক্তিগত একাউন্টে/প্রকল্পে হস্তান্তর/স্থানান্তরের মতো ঘটনাবলী এবং সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত আইন/ ২০০২ ও সংশোধিত আইন/২০১৩) এর ৪৬ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা/২০০৪ (সংশোধিত বিধিমালা/২০২০) এর ১০৩ বিধি বহির্ভুত বিষয় উৎঘাটিত হলে বিশেষ প্রতিবেদন দাখিল করবেন।

০৪. সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত আইন/ ২০০২ ও সংশোধিত আইন/২০১৩) এর ৪৫ ও ৪৬ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা/২০০৪ (সংশোধিত বিধিমালা/২০২০) এর ১০০,১০১,১০২ ও ১০৩ বিধির আলোকে অডিট সম্পাদন করতে হবে।

০৫. অডিট অফিসারগণ যে সকল সমবায় সমিতি বিভিন্ন কৌশলে আমানত গ্রহণ ও বিনিয়োগ করে তাঁদের বিষয়ে ঝুঁকি সমূহ নিরুপণ করে দ্রুত আইনগত ব্যবস্থা গ্রহনের বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নিশ্চিত করতে হবে।

০৬. অডিট কর্মসূচি প্রণেয়নের ক্ষেত্রে আর্থিকভাবে স্বচ্ছল এবং কার্যকর সমবায় সমিতি সমূহের অডিট অগ্রাধিকার ভিত্তিতে সম্পাদনের ব্যবস্থা নিশ্চিত করতে হবে। অর্থাৎ সর্বাগ্রে 'এ' শ্রেণীভুক্ত সমবায় সমিতি তারপর 'বি','সি' ও 'ডি' এই ধারাবাহিকতায় অডিট সম্পাদন করতে হবে।

০৭. অডিট অফিসারগণকে অডিট সম্পন্ন হওয়ার সাথে সমিতির নাম, নিবন্ধন নং ও তারিখ, অডিট সম্পাদনের তারিখ সম্বলিত ব্যাক্তিগত অডিট রিটার্ণ দাখিল করবেন।

০৮. পাবসসও আশ্রয়ণ প্রকল্পভূক্ত সমবায় সমিতির ক্ষেত্রে সেপ্টেম্বর/২৬খ্রি.মাসের মধ্যে অডিট সম্পাদন করে নির্দিষ্ট সময়ের মধ্যে সংশ্লিষ্টদের প্রেরণ করতে হবে।

০৯. অডিট নোটিশের অনুলিপি জেলা সমবায় অফিসার বরাবরে দালিখ করতে হবে।

১০. অডিট অফিসারগণকে অডিট প্রতিবেদনে মানি লন্ডারিং প্রতিরোধ আইন-২০১২,বিধিমালা-২০১৯ এবং BFIU কর্তৃক জারীকৃত নির্দেশাবলী প্রতিফলন করতে হবে।

১১. অডিট অফিসারগণকে সমবায় সমিতি বিধিমালা/২০০৪ (সংশোধিত বিধিমালা/২০২০) এর ৫৭ বিধি নিবন্ধক ও মহাপরিচালক,সমবায় অধিদপ্তর,ঢাকা মহোদয়ের স্মারক নং ১৮৩ তাং-১৭/০৪/২০১৩খ্রি.এর ০৮ নং অনুচ্ছেদ স্মারক নং-৪২,তারিখ-২৩/০২/২০১৫খ্রি.এবং স্মারক নং-৭৭,তারিখ- ১৪/০৬/২০২২খ্রি.মূলে জারিকৃত সার্কুলারে বর্ণিত নির্দেশনা সমূহ যথাযথভাবে অডিট প্রতিবেদনে প্রতিফলন করতে হবে।

সংযুক্ত : ০১ (এক) পাতা।

৩০/০৫/২০২৬
মোহাম্মদ আলমগীর হুসাইন
জেলা সমবায় অফিসার (ভাঃপ্রাঃ)
ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নং- ৪৭.৬১.১২০০.০০০.৩২.০০৯.১৩.---১১১৭/১(১৬) তারিখ :- ৩০/০৬ /২০২৬খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১. যুগ্ম-নিবন্ধক,বিভাগীয় সমবায় দপ্তর,চট্টগ্রাম বিভাগ,চট্টগ্রাম। (মহোদয়ের সদয় অবগতির জন্য)

০২. উপজেলা সমবায় অফিসার,কসবা,ব্রাহ্মণবাড়িয়া।

০৩. সভাপতি.................................................................লিঃ। আগামী ১৫ জুলাই ২০২৬খ্রি. তারিখের মধ্যে ২০২৫-২০২৬খ্রি.তারিখের বার্ষিক হিসাব বিবরণী (জমা-খরচ হিসাব,লাভ-ক্ষতি হিসাব,দেনা-পওনার তালিকা,ব্যাংক ষ্টেটমেন্ট ও বিদ্যমান অডিট ম্যানুয়্যাল অনুযায়ী লাভ-ক্ষতি হিসাব,নগদ প্রবাহ বিবরণী,উদ্বৃত্ত পত্র,সকল হিসাবের নোট) উপজেলা সমবায় অফিস ও সংশ্লিষ্ট নিরীক্ষকের নিকট দাখিলের জন্য অনুরোধ করা।

০৪. জনাব.................................................................(অডিট অফিসার সকল),উপজেলা সমবায় অফিসার ................../জেলা অডিটর/পরিদর্শক/প্রশিক্ষক/সরেজমিনে তদন্তকারী/ডেস্ক অফিসার,জেলা সমবায় অফিস, ব্রাহ্মণবাড়িয়া। (তিনি বার্ষিক হিসাব বিবরনী প্রাপ্তী নিশ্চিত করবেন এবং হিসাব বিবরনী প্রাপ্তী সাপেক্ষে ১৫ দিন পূর্বে সমিতিকে নোটিশ প্রদান পূর্বক নিরীক্ষা কার্য আরম্ভ করবেন।)

০৫. অফিস নথি।

৩০/০৬/২০২৬

জেলা সমবায় অফিসার (ভাঃপ্রাঃ)
ব্রাহ্মণবাড়িয়া।

ব্রাহ্মণবাড়িয়া জেলাধীন কসবা উপজেলার কার্যকর বিভাগীয় প্রাথমিক সমবায় সমিতি সমূহের ২০২৫-২০২৬খ্রি.অর্থ বছরের বার্ষিক হিসাব নিরীক্ষা সম্পাদনের লক্ষ্যে অডিট বরাদ্দের তালিকা :-

| ক্র: নং | উপজেলার নাম | সমিতির নাম | রেজিঃনং ও তারিখ | পূর্ণ ঠিকানা | বিগত সনের অডিট অফিসারের নাম ও পদবী | অডিট অফিসারের নাম ও পদবী |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২. | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ |
| ০১. | কসবা | আশার সঞ্চার ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লি. | ১৪১ ০৩/১১/২৪ | গ্রাম+পোঃ- গোপীনাথপুর কসবা,ব্রাহ্মণবাড়িয়া | মোছাঃ রোকেয়া চৌধুরী,সহ: পরিদর্শক উপজেলা সমবায় কার্যালয়,কসবা | মওদুদ আহমদ উপজেলা সমবায় অফিসার,কসবা |
| ০২. | কসবা | বড় পুকুর মৎস্যজীবী সমবায় সমিতি লি. | ১৪২ ১১/৫/২০ | গ্রাম-দেলী পো:-দেলী,কসবা | ঐ | ঐ |
| ০৩. | কসবা | মানব কল্যাণ ইসলামী মাল্টি: কো-অপারেটিভ সোসাইটি লি. | ০২, ১৪/২/১৩ | গ্রাম-মন্দবাগ পো:-নয়নপুর,কসবা | ঐ | ঐ |
| ০৪. | কসবা | শাপলা যুব সমবায় সমিতি লি. | ৪৭,২৬/১২/১১ | গ্রাম+পো:-নয়নপুর,কসবা | ঐ | ঐ |
| ০৫. | কসবা | জোবেদা ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লি. | ১৪০ ৯/১০/২৪ | গ্রাম+পো:-গোপীনাথপুর, কসবা,ব্রাহ্মণবাড়িয়া | ঐ | ঐ |
| ০৬. | কসবা | পপুলার সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি. | ৯৭ ০৬/০২/১১ | গ্রাম +পো:-কসবা কসবা,ব্রাহ্মণবাড়িয়া। | রোস্তম আলী পরিদর্শক,জে:স:কার্যালয়,ব্রাহ্মণবাড়িয়া | ঐ |
| ০৭. | কসবা | বিলঘর যুব মৎস্যজীবী সমবায় সমিতি লি. | ৩৩ ১৩/০১/১৪ | গ্রাম-বিলঘর,পো:-পানিয়ারূপ কসবা,ব্রাহ্মণবাড়িয়া। | ঐ | ঐ |
| ০৮. | কসবা | বন্ধন ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লি. | ১৪৩ ১৩/১/২৬ | গ্রাম-শীতলপাড়া পো:-কসবা,কসবা | **প্রথম অডিট** | ঐ |
| ০৯. | কসবা | গ্রাম বাংলা সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লি. | ১৬৪ ২৯/৩/২১ | গ্রাম-রাউৎহাট,পো:-বিনাউটি কসবা,ব্রাহ্মণবাড়িয়া। | মওদুদ আহমদ উপজেলা সমবায় অফিসার,কসবা | মোঃ রফিকুল ইসলাম পরিদর্শক,জে:স:কার্যালয়,ব্রাহ্মণবাড়িয়া |
| ১০. | কসবা | চারগাছ বহুমুখী সমবায় সমিতি লি. | ২০ ১১/০৯/০৭ | গ্রাম-চারগাছ,পো:-চারগাছ কসবা,ব্রাহ্মণবাড়িয়া। | মওদুদ আহমদ উপজেলা সমবায় অফিসার,কসবা | মোহাম্মদ লোকমান হোসেন পরিদর্শক,জে:স:কার্যালয়,ব্রাহ্মণবাড়িয়া |
| ১১. | কসবা | দি কসবা কো-অপারেটিভ কর্পোরেশন লি. সংশোধিত ০৫/১,০৪/০৪/২০১৭ | ০৫ টিপ ১৩/০১/৪০ | গ্রাম-মোছলেগঞ্জ ,পো:-কসবা কসবা, ব্রাহ্মণবাড়িয়া। | মওদুদ আহমদ উপজেলা সমবায় অফিসার,কসবা | মোহাম্মদ লোকমান হোসেন পরিদর্শক,জে:স:কার্যালয়,ব্রাহ্মণবাড়িয়া পেয়ারা বেগম পরিদর্শক,জে:স:কার্যালয়,ব্রাহ্মণবাড়িয়া |

অনুমোদিত
৩০/০৬/২৫
মোহাম্মদ আলমগীর হুসাইন
জেলা সমবায় অফিসার (ভাঃ প্রাঃ)
ব্রাহ্মণবাড়িয়া।